



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



স্মারক নং: ৪৯.০২.০০০০.০০৬.০১.০১৮.২৬/১৪৫

তারিখ: ১৮.০৬.২০২৬

সতর্কীকরণ বিজ্ঞপ্তি


বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল) একমাত্র রাষ্ট্রীয় মালিকানাধী বিদেশে জনশক্তি প্রেরণকারী সংস্থা। বোয়েসেলে সম্পূর্ণ নিরাপদ ও স্বল্প ব্যয়ে বা ক্ষেত্রে বিশেষে বিনা ব্যয়ে বিদেশে জনশক্তি প্রেরণ করে থাকে। বিদেশে নিয়োগদাতাদের চাহিদা মোতাবেক সকল নিয়োগ বিজ্ঞপ্তি বোয়েসেলের ওয়েবসাইট-www.boesl.gov.bd ও ভেরিফাইড ফেইসবুক পেইজ-www.facebook.com/boesl.gov.bd প্রচার করা হয়ে থাকে। বিজ্ঞপ্তি মোতাবেক নির্ধারিত নিবন্ধন ফি প্রদান সাপেক্ষে brms.boesl.gov.bd পোর্টালের মাধ্যমে চাকরি প্রত্যাশীদের আবেদন গ্রহণ করা হয়। নিয়োগদাতার চাহিদামতে চাকরির সাক্ষাৎকার, নিয়োগদাতা কর্তৃক নির্বাচিতদের তালিকা বোয়েসেল ওয়েবসাইট ও ভেরিফাইড ফেইসবুক পেইজ প্রচার করা হয়ে থাকে।

২। চূড়ান্তভাবে কর্মী নির্বাচিত ও স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া পর্যন্ত বোয়েসেল কোনো প্রকার সার্ভিস চার্জ/ফি গ্রহণ করে না। চূড়ান্তভাবে নির্বাচিত ও স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের থেকে নির্ধারিত সার্ভিস চার্জ/ফি ব্যাংক পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হয়। বোয়েসেল কোনো নগদ অর্থ লেনদেন গ্রহণ করে না বিধায় নগদ অর্থ লেনদেন থেকে বিরত থাকার জন্য সকল চাকরি প্রত্যাশীদের অনুরোধ করা হলো। নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেল-এর কোনো এজেন্ট বা সাব-এজেন্ট বা প্রতিনিধি নেই।

৩। সম্প্রতি কতিপয় অসাধু ব্যক্তি ও প্রতিষ্ঠান বোয়েসেল-এর নাম ব্যবহার করে রাশিয়া, জর্ডান, ফিজি, অস্ট্রেলিয়া, কানাডা, মালয়েশিয়া, মিশর, দক্ষিণ কোরিয়ায়, সিরিয়াসহ বিভিন্ন দেশে প্রেরণের নামে সোশ্যাল মিডিয়ায় চটকদার বিজ্ঞাপনের মাধ্যমে অসহায় মানুষদের প্রলোভন দেখিয়ে প্রতারণার ফাঁদে ফেলে অর্থ হাতিয়ে নিচ্ছে। এতে অসহায় মানুষগণ আর্থিক ক্ষতিগ্রস্ত হতে প্রতারণার শিকার হচ্ছে এবং বোয়েসেলের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।

৪। বোয়েসেল, বোয়েসেল প্যাড ও কর্মকর্তাদের নাম ব্যবহার করে সোশ্যাল মিডিয়ায় এবং অনলাইন প্ল্যাটফর্মে চটকদার বিজ্ঞাপনধারী প্রতারণাদের বিষয়ে সচেতন নাগরিকদের দৃষ্টিগোচরীভূত হলে তাৎক্ষণিকভাবে বোয়েসেল কর্তৃপক্ষের নিকট অভিযোগ প্রদানের জন্য বিনীত অনুরোধ করা হলো। এক্ষেত্রে প্রতারণাদের যথাযথ প্রমাণসহ চিহ্নিত করে আইনের আওতায় আনার ক্ষেত্রে সহযোগিতাকারীকে বোয়েসেলের পক্ষ থেকে প্রণোদনা প্রদান করা হবে।

প্রয়োজনে যোগাযোগ: ০২-৪৮৩১৯১২৫, ০১৭৬৫৪১১৬৫৩ এবং প্রবাস বন্ধু কল সেন্টার ১৬১৩৫
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।



এস. এম. শফি কামাল
সিএস (উপসচিব)

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)

৭১-৭২, ইস্কাটন গার্ডেন

রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015



যোগাযোগ নম্বর :

ফোন : ০২-৪৮৩১৯১২৫, ০১৭৬৫৪১১৬৫৩

(সরকারি ছুটির দিন ব্যতীত অন্যান্য দিন সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত)

ই-মেইল : info@boesl.gov.bd

ওয়েব : www.boesl.gov.bd